

# কুবির নিরাপত্তা বজায় রাখতে প্রষ্টেরিয়াল বডির মিটিং

কুবি প্রতিনিধি

১৬ জুলাই ২০২৪, ০২:০৮ পিএম



অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো কুমিল্লা বিশ্ববিদ্যালয়েও যেনো কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য এবং ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা বজায় রাখতে মিটিং করেছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রষ্টেরিয়াল বডির সদস্যরা।

আজ সোমবার সকাল দশটা থেকে শুরু হয়ে দুপুর বারোটা পর্যন্ত চলে তাদের মিটিং। এসময় তারা আলাদা আলাদা সময়ে ছাত্রলীগের নেতাকর্মী এবং কোটা আন্দলনকারী সমন্বয়কদের ডেকে তাদের সাথে কথা বলেন।

এই ব্যাপারে জানতে চাইলে প্রষ্টের (ভারপ্রাণ) ড. কাজী ওমর সিদ্দিকী বলেন, 'আমরা চাইনা আমাদের ক্যাম্পাসে কোন অপ্রীতিকর ঘটনা ঘটুক। আমরা ছাত্রলীগের নেতাকর্মী এবং কোটা সমন্বয়কদের সাথে কথা বলেছি। তারা আমাদের আশ্বস্ত করেছে তারা কোন ধরনের অপ্রীতিকর ঘটনায় জড়াবে না।'

[কুবির নিরাপত্তা](#)